# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৬. রাতের (তাহজ্জুদ) সালাত সম্পর্কে

باب فِي صَلاَةِ اللَّيْلِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، وَجَعْفَرُ بْنُ مُسَافِرٍ، أَنَّ عَبْدَ اللهِ بْنَ يَزِيدَ الْمُقْرِئَ، أَخْبَرَهُمَا عَنْ سَعِيدِ بْنِ أَبِي أَيُّوبَ، عَنْ جَعْفَرِ بْنِ رَبِيعَةَ، عَنْ عِرَاكِ بْنِ مَالِكٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَائِشَةَ، : أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صَلَّى الْعِشَاءَ، ثُمَّ صَلَّى ثَمَانِيَ رَكَعَاتٍ قَائِمًا، وَرَكْعَتَيْنِ بَيْنَ الأَذَانَيْنِ وَلَمْ يَكُنْ يَدَعُهُمَا . قَالَ جَعْفَرُ بْنُ مُسَافِرٍ فِي حَدِيثِهِ : وَرَكْعَتَيْنِ جَالِسًا بَيْنَ الأَذَانَيْنِ، زَادَ : جَالِسًا .

ـ صحيح : دون قوله : بَيْنَ الأَذَانَيْنِ، والمحفوظ : بعد الوتر

বাংলা

১৩৬১। ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’ইশার সালাত আদায়ের (অনেকক্ষণ) পরে দাঁড়িয়ে আট রাক’আত সালাত আদায় করেন এবং দু’ আযানের (ফজরের আযান ও ইক্বামাত(ইকামত/একামত)ের) মাঝখানে দু’ রাক’আত সালাত আদায় করেন। তিনি কখনো এ দু’ রাক’আত ছেড়ে দেননি। জা’ফর ইবনু মুসাফিরের বর্ণনায় রয়েছেঃ তিনি দু’ আযানের মাঝখানে দু’ রাক’আত সালাত বসে আদায় করেছেন।[1]

সহীহ : তার একথাটি বাদেঃ দুই আযানের মাঝে। সংরক্ষিত হচ্ছেঃ বিতরের পরে।

## English

Narrated 'Aishah:

The Messenger of Allah (ﷺ) offered the night prayer and then prayed eight

rak'ahs standing, and two rak'ahs between the two adhans (i.e. the adhan for the dawn prayer and the iqamah). He never left them.

Jaf'ar b. Musafir said in his version: (He prayed) the two rak'ahs sitting between the two adhans. He added the word "sitting".

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : তাহাজ্জুদ, অনুঃ ফাজরের দুই রাক‘আত (সুন্নাত) অব্যাহতভাবে আদায় করা, হাঃ ১১৫৯), আহমাদ (৬/১৫৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন